

জাতীয় পরিচয়পত্র নিবন্ধনে করণীয়

জাতীয় পরিচয়পত্র হালনাগাদ একটি চলমান প্রক্রিয়া। যিনি বাংলাদেশের নাগরিক কিন্তু এখনও নিবন্ধিত হননি, আপনার বয়স যদি ১৭ বছর বা বেশি হয়ে থাকে কিন্তু এখনও ভোটার হিসেবে নিবন্ধিত হননি তাহলে অনলাইন এ ফর্ম পূরণ করে আপনার সিডিউল মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসে যোগাযোগ করে বায়োমেট্রিক প্রদান করুন। বায়োমেট্রিক প্রদানের সময় আপনার কিছু সংযুক্ত কাগজ পত্র প্রয়োজন হবে, যা নিম্নরূপ-

ফরম পূরণের জন্য services.nidw.gov.bd ওয়েবসাইট ভিজিট করুন।

- অনলাইনে পূরণকৃত ফর্মের প্রিন্ট কপি
- শিক্ষাগত যোগ্যতার সনদ (জেএসসি / এসএসসি)
- অনলাইন জন্ম নিবন্ধন
- পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স / টি.আই.এন (যদি থাকে)
- ইউটিলিটি বিলের কপি/বাড়ী ভাড়ার রশিদ/হোল্ডিং ট্যাক্স রশিদ – (ঐ এলাকায় সচরাচর বসবাস করেন এরূপ কোন প্রমাণ)
- চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদ
- পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
- রক্তের গ্রুপ পরীক্ষার রিপোর্ট
- স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও কাবিনামা কপি (প্রযোজ্য ক্ষেত্রে)

ফরমে যে সকল কাজ করতে হবে

- ১। ক্রমিক নং-৩৪ এ সনাক্তকারী হিসেবে আবেদনকারীর পিতা/মাতা/বড় ভাই/বোনের/স্বামী জাতীয় পরিচয়পত্র নম্বর লিখতে হবে এবং ৩৫ নং ক্রমিকে স্বাক্ষর করতে হবে।
- ২। ক্রমিক ৪০ নং এ যাচাইকারীর হিসেবে মেয়র/ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/মেম্বার নাম লিখতে হবে।
- ৩। ক্রমিক নং ৪১ এ যাচাইকারীর হিসেবে মেয়র/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/মেম্বার এর জাতীয় পরিচয়পত্র নম্বর লিখতে হবে।
- ৪। ক্রমিক নং ৪২ এ যাচাইকারীর হিসেবে মেয়র/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/মেম্বারের স্বাক্ষর ও সীল দিতে হবে।